

স্মারক নং-২৭.১২.৪১৪৭.৫১০.০০১.০০৮.১১.৪৮২৬

তারিখঃ ০২ ভাদ্র' ১৪২৮ বঙ্গাব্দঃ
১৭ আগস্ট' ২০২১খ্রিঃ

“পুনঃনিলাম বিজ্ঞপ্তি”

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১ এ ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও বেল্ট/পাতি “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নের শর্ত অনুযায়ী আগ্রহী ক্রেতা/ প্রতিষ্ঠান এর নিকট থেকে সাদা কাগজে/ নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ ঠিকানা, স্বাক্ষর ও সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	দরদাতা কর্তৃক উদ্ধৃত মূল্য	
			একক মূল্য প্রতি কেজি (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ	৩০০০ কেজি		
০২	বেল্ট/পাতি	২০০০ কেজি		

(কথায়ঃ.....)


শর্তাবলীঃ

- ০১। দরপত্র আগামী ২৪/০৮/২০২১খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (১০ম তলা) পূর্ব অংশ খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ রক্ষিত টেন্ডার বাঞ্ছ গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ২৪/০৮/২০২১খ্রিঃ তারিখ ১২:৩০ ঘটিকার সময় (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর ও (খ) সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। নিলাম দরপত্রের খামের উপরে “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও বেল্ট/পাতি এর নিলাম দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে উপরোক্ত ছকে দর উল্লেখ পূর্বক পূর্ণ ঠিকানা লিপিবদ্ধ করণসহ সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খাম সীলগালা করে দরপত্র দাখিল করতে হবে।
- ০৩। নিলাম দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ০৪। ব্যবহার অযোগ্য “প্যাকিং কাঠ ও বেল্ট/পাতি” নিলামে ক্রয়ের জন্য নিলাম দরদাতাকে উদ্ধৃত নিলাম দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে আনেষ্ট মানি “যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১” এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা হবে।
- ০৫। আগ্রহী নিলাম দরদাতাগণ সমিতির সদর দপ্তর হতে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিলাম দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য সংগ্রহ করতে পারবেন এবং কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক মালামাল পরিদর্শন করতে পারবেন।

অপর পাতায়


২য় পাতা

- ০৬। অত্র পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের নীচে কোন নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
- ০৭। সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর) মূল্য এবং উদ্ধৃত মোট নিলাম দরের উপর সরকারী বিধি মোতাবেক ৫% (পাঁচ) হারে উৎসেকর ও ৭.৫% (সাত দশমিক পাঁচ) হারে ভ্যাট নগদ/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ পরিশোধ করে মালামাল গ্রহণে ব্যর্থ হলে আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত করা হবে। ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে ব্যাংক ড্রাফট নগদায়নের পর মালামাল সরবরাহ করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাকে নিয়মানুযায়ী আর্নেস্টম্যানি ফেরত প্রদান করা হবে।
- ০৮। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ০৯। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(আবু বকর শিবলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

- ০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, যশোর।
- ০৩। জেলা প্রশাসক, যশোর।
- ০৪। পুলিশ সুপার, যশোর।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস ১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবোর্ড, যশোর।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
- ০৮। মেয়র, যশোর / শার্শা/ ঝিকরগাছা/ চৌগাছা/ বাঘারপাড়া পৌরসভা কার্যালয়, যশোর।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/ শার্শা/ ঝিকরগাছা/ চৌগাছা/ বাঘারপাড়া উপজেলা, যশোর।
- ১০। ডিজিএম, শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
- ১১। এজিএম (ওএন্ডএম), বাগআঁচড়া/বাঁকড়া/রুপদিয়া সাব-জোনাল অফিস, যশোর পবিস-১।
- ১২। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
- ১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- ১৪। স্টোর কীপার, যশোর পবিস-১।
- ১৫। মেসার্স
- ১৬। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
- ১৭। অফিস কপি / মাস্টার কপি।


জেনারেল ম্যানেজার